

এই শ্রাবণ লিরিক্স:-

আমি কাঁটাতারেই সুখী  
এই কুয়াশাতে উঁকি দিয়ে  
রাজি মিথ্যে নিতে  
আসলে সত্যি বলে সত্যি কিছু নেই।

এই শ্রাবণ ধুয়ে ফেলুক এই রাস্তা ধুলো,  
এই শ্রাবণ ভিজিয়ে দিক দীর্ঘ ছায়া গুলো।  
এই শ্রাবণ ধুয়ে ফেলুক এই রাস্তা ধুলো,  
এই শ্রাবণ ভিজিয়ে দিক দীর্ঘ ছায়া গুলো।  
এই শ্রাবণ নেভাক আগুন এই ফুটপাথের রাত  
এই শ্রাবণ মনে পড়া পুরনো আঘাত।

জল জমেছে, বৃকের ভিতর, রোদের অভাবে,  
সময় এলে পড়বে চুঁয়ে, নিজের স্বভাবে।

আমি কাঁটাতারেই সুখী  
এই কুয়াশাতে উঁকি দিয়ে  
রাজি মিথ্যে নিতে  
আসলে সত্যি বলে সত্যি কিছু নেই।

এই শ্রাবণ নাম লেখা গাছের পাতার দলে, (পাতার দলে)  
এই শ্রাবণ মিশালো পুকুর ড্রেনের জলে। (ড্রেনের জলে)  
এই শ্রাবণ বাক্স বন্দী কিছু ইচ্ছে আছে, (ইচ্ছে আছে)  
এই শ্রাবণ স্যাঁতস্যাঁতে খুব আমার কাছে।

অবাধ যত্নে সামলে চলা ফুরিয়ে যাওয়ার ভয়  
ভাবলি কেন দুঃখ পাব, দুঃখ আমার নয়।  
আমি কাঁটাতারেই সুখী  
এই কুয়াশাতে উঁকি দিয়ে  
রাজি মিথ্যে নিতে  
আসলে সত্যি বলে সত্যি কিছু নেই..।

...

এই শ্রাবণ (এই শ্রাবণ) .. এই শ্রাবণ (এই শ্রাবণ) ..  
এই শ্রাবণ (এই শ্রাবণ) .. এই শ্রাবণ (এই শ্রাবণ) ..